

এ তুমি কেমন তুমি লিরিক্স:-

এ তুমি কেমন তুমি
চোখের তারায় আয়না ধরো,
এ কেমন কান্না তুমি
আমায় যখন আদর করো,
এ তুমি কেমন তুমি
চোখের তারায় আয়না ধরো,
এ কেমন কান্না তুমি
আমায় যখন আদর করো।

জন্মের আগেও জন্ম পরেও
জন্ম তুমি এমন,
সুরেরও গভীর সুরে
পদাবলীর ধরন যেমন,
জন্মের আগেও জন্ম পরেও
জন্ম তুমি এমন,
সুরেরও গভীর সুরে
পদাবলীর ধরন যেমন।
কথা নয় নিরবতায়
সজলতার আঁখর ভরো,
এ কেমন কান্না তুমি
আমায় যখন আদর করো,
এ তুমি কেমন তুমি
চোখের তারায় আয়না ধরো
এ কেমন কান্না তুমি
আমায় যখন আদর করো।

এসেছি আগেও আমি
যখন তুমি পদ্মাবতী,
কবেকার পুঁথির শোলক
তোমার মতই অশ্রুমতি,
এসেছি আগেও আমি
যখন তুমি পদ্মাবতী,
কবেকার পুঁথির শোলক
তোমার মতই অশ্রুমতি।

অশ্রুর একটি ফোঁটায়
জন্ম আমার আমার মরণ,
নীরবে জাতিস্বরের
গল্পবলা তোমার ধরণ,
অশ্রুর একটি ফোঁটায়
জন্ম আমার আমার মরণ,
নীরবে জাতিস্বরের
গল্পবলা তোমার ধরণ।
ঝরেছে বৃষ্টি হয়ে
আগেও তুমি আবার ঝরো,
এ কেমন কান্না তুমি
আমায় যখন আদর করো,

এ তুমি কেমন তুমি

চোখের তারায় আয়না ধরো,
এ কেমন কান্না তুমি
আমায় যখন আদর করো।
এ তুমি কেমন তুমি
চোখের তারায় আয়না ধরো,
এ কেমন কান্না তুমি
আমায় যখন আদর করো।